

পরিশিষ্ট-ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
আজিমপুর, ঢাকা।

স্মারক নং: পপআ/উৎসঃ/৮৯/৮৬২/১৬৫৫

তারিখ: ২৭/০৩/৯০ ইং

প্রজ্ঞাপন

এই অধিদপ্তরের ৩০-১-৮৩ ইং তারিখের এফপি/প্রোক/৫০৩(২৩) নং আদেশ গঠিত জেলা সার্ভে বোর্ড বাতিলপূর্বক এতদ্বারা নিম্নে উল্লেখকৃত কর্মকর্তাদের সমন্বয়ে জেলা সার্ভে বোর্ড পুনর্গঠন করা হইল:

১.	উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা	-	সভাপতি
২.	সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা	-	সদস্য সচিব
৩.	মেডিক্যাল অফিসার (সিসি)	-	সদস্য
৪.	জেলা হিসাবরণ কর্মকর্তা	-	সদস্য
৫.	সরবরাহ কর্মকর্তা, আঞ্চলিক/জেলা সংরক্ষিত পণ্যাগার	-	সদস্য

## টার্মস অফ রেফারেন্স:

- আঞ্চলিক পণ্যাগার, জেলা সংরক্ষিত পণ্যাগার, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় গুদাম এবং উপজেলা পরিবার পরিকল্পনা গুদামে রাখিত যেসব মালামাল সংশ্লিষ্ট সার্ভে বোর্ড কর্তৃক মেয়াদ উত্তীর্ণ বা ব্যবহারের অযোগ্য হিসাবে চিহ্নিত করা হইয়াছে জেলা সার্ভে বোর্ড তাহা পরীক্ষা করিয়া সেগুলি প্রকৃতপক্ষে ব্যবহারের অযোগ্য কিনা উহা নির্ধারণ করিবে এবং সংশ্লিষ্ট পণ্যাগার/গুদাম কর্তৃপক্ষকে ঐগুলি বিনষ্ট করার জন্য লিখিতভাবে পরামর্শ প্রদান করিবে।
- আঞ্চলিক পণ্যাগার/জেলা সংরক্ষিত পণ্যাগার/জেলা কার্যালয় গুদামে থাণ্ড মালামাল আইআইভিতে বর্ণিত নমুনা অনুযায়ী না হইলে কিংবা ভাঙা/নষ্ট অবস্থায় পাওয়া গেলে জেলা সার্ভে বোর্ড উহা পরীক্ষা করিয়া দেখিবে এবং সংশ্লিষ্ট পণ্যাগার/গুদাম কর্তৃপক্ষকে লিখিতভাবে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য পরামর্শ দিবে।
- সার্ভে বোর্ড তাহাদের সুপারিশের অনুলিপি পরিচালকের (উপকরণ ও সরবরাহ) নিকট প্রেরণ করিবে।
- ন্যূনতম পক্ষে তিনজন সদস্যের উপস্থিতি ব্যতিরেকে সভার কাজ করা যাইবে না।

এই আদেশ অবিলম্বে কার্যকরী হবে।

স্বাক্ষরিত  
(সফিউর রহমান)  
মহাপরিচালক

স্মারক নং: পপআ/উৎসঃ/৮৯/৮৬২/১৬৫৫/১(১৪৮৪)

তারিখ: ২৭/০৩/৯০ ইং

## অনুলিপি দেওয়া হইল:

- পরিচালক (সকল) ..... এই অধিদপ্তর।
- পরিচালক, বিশেষ কার্যক্রম তদারকি দল, ঢাকা চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ।
- বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ।
- অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা।

৫. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, ..... (সকল)।
৬. সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা .....(সকল)।
৭. সহকারী পরিচালক (মনিটরিং), এই অধিদণ্ডর।
৮. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি).....উপজেলা  
.....জেলা।
৯. কেন্দ্রীয় সরবরাহ কর্মকর্তা, কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা।
১০. আঞ্চলিক সরবরাহ কর্মকর্তা, আঞ্চলিক পণ্যাগার .....।
১১. সরবরাহ কর্মকর্তা, জেলা সংরক্ষিত পণ্যাগার, পরিবার পরিকল্পনা .....।
১২. জনাব .....মনিটরিং কর্মকর্তা, এই অধিদণ্ডর।
১৩. দলনেতা, এম ডি ইউ, ১৪ (নিউ) ডিওএইচএস, মহাখালী, ঢাকা।
১৪. পি, আই, এস এই অধিদণ্ডর।

স্বাক্ষরিত  
(এম, এ, তাহের)  
পরিচালক (উপকরণ ও সরবরাহ)